

# ALUMNI NEWS

April 2022


Alumni Association
NCE Bengal & Jadavpur University
Kolkata -700032
Founded:January1921;Reg.No.6518/179
website: www.hqalumniju.org.in
e-mail : alumniju@gmail.com
Phone +91(33)24137113 /24146854
Mobile +91  9051481214


**এই মুহূর্তে পৃথিবীর নানা প্রান্তে ছড়িয়ে থাকা অজস্র মানুষ যারা বাংলাভাষায় কথা বলেন , গান করেন , কবিতা পড়েন ... বাংলায় হেসে ওঠেন , স্বপ্ন দেখেন তাঁদের সবার উদ্দেশ্যে জানাই নতুন বছর ১৪২৯ এর শুভেচ্ছা ও ভালোবাসা...**

সভ্যতার সূচনায় আমরা যখন কথা বলতে শিখেছিলাম তখন সারা পৃথিবীতে মানুষ যত সংখ্যক ভাষায় কথা বলত আজ পৃথিবীতে তার অর্ধেক ভাষা বেঁচে রয়েছে। প্রায় প্রতিদিন মৃত্যু হচ্ছে কোন না কোন আঞ্চলিক ভাষার। এই মুহূর্তে বাংলা ভাষার মৃত্যু হবার সম্ভাবনা হয়ত নেই । কিন্তু একথাও সত্যি পৃথিবীর মুষ্টিমেয় কিছু বৃহৎ ভাষার আগ্রাসনের বিরুদ্ধে নিজেদের অস্তিত্ব বাঁচিয়ে রাখতে হলে আমাদের এই মাতৃভাষাকে আরো বেশী করে আঁকড়ে ধরতে হবে , দৈনন্দিন যাপনে এই ভাষাকে আমাদের কাজের ভাষা করে গড়ে তুলতে হবে... ১৪২৯ এর সূচনায় সেই হোক আমাদের অঙ্গীকার !!

**April 2022** is perhaps the cross road when humanity is waiting. Waiting for hope , waiting for direction and waiting for light after a prolong darkness for nearly two years due to the deadly virus SARS CoV-2 and deep in our heart people now began to believe that the pandemic has now reached its endemic stage. Whether it's true or not, it can be tested by time only but there is no doubt that in the war between Homo Sapiens and SARS CoV-2 its now advantage Homo Sapiens.

With this back drop in our mind the whole world is now trying to get back to normalcy and so also we in Jadavpur University Alumni Association, Head Quarter trying our best to restart all our activities.

So, before we start our journey along with the Bengali New Year 1429 … let us have a look at our activities in March 2022 in this issue of our newsletter for sharing with our alumnus spread all over the world ….

### NCE Bengal Foundation Day Celebration

On March 11, 2022 the 116th Foundation Day of the NCE Bengal was celebrated in a series of solemn functions. The day started with the hoisting of the Council flag at 9 AM at Jadavpur University campus by Prof. Suranjan Das, Vice Chancellor, Jadavpur University. At 10 AM, Prof. Asit Kumar Mitra, the general secretary of the Council, hoisted the Council flag at its campus. Thereafter the senior teachers above 75 years of age were felicitated at Indumati Sabha Griha at 3 PM. The formal ceremony commenced at 4 PM at the same venue with welcome address by Prof. Asit Kumar Mitra. The occasion was graced by the presence of eminent personalities such as Prof. Askok Nath Basu , Prof. Sourin Bhattacharyya , Prof. Samantak Das ,Pro-VC Jadavpur University and Prof. Madhabendra Nath Mitra , President , NCE Bengal . The revised extended second edition of a book "স্মৃতি সংহিতা - ফিরে দেখা – মনু থেকে পরাশর" written by Prof. Sati Chattopadhyay was released on this occasion. Dr Sneha Monju Bose , Registrar , Jadavpur University proposed the vote of thanks at the end.

A cultural program followed in which members of NCE Bengal presented a beautiful musical tribute – "গীতি আলেখ্য - চল সবে ভারত সন্তান" consisting some selected patriotic songs along with wonderful illustrations and narrations written and composed by Gautam Chowdhury. This was a really enjoyable event and was highly appreciated by all in the audience.






## শোক

মহাকালের রথের চাকায় আমরা যেমন বন্ধু পাই তেমনি আবার বন্ধু হারাই।

এমনিভাবেই আমরা সম্প্রতি হারিয়েছি …

- শ্রী অনিরুদ্ধ ভট্টাচার্য , ১৯৫২ , কেমিক্যাল
- ডঃ সাধন কুমার দত্ত , ১৯৭৫ , ফার্মেসি
- শ্রীমতি আভা সরকার , ১৯৫৮ , কলা বিভাগ
- 

যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সংসদের পক্ষ থেকে আমরা তাঁদের শোকাহত পরিবারদের প্রতি জানাই গভীর সমবেদনা।

এই সঙ্গে প্রকাশনা উপসমিতির পক্ষ থেকে আমরা ক্ষমা চেয়ে নিচ্ছি সেই সমস্ত পরিবারের কাছ থেকে যদি আমাদের কোন সদস্যের চলে যাবার খবর আমাদের কাছে না এসে পৌঁছানোর জন্যে আমরা তাঁদের নাম এখানে উল্লেখ করতে না পেরে থাকি।

## Report from Sub-Committees

### Auditorium Sub-Committee

Despite the challenges due to pandemic we had taken up and executed the following repairing jobs in the auditorium.

1) Replacement of the Fibre Glass sheet of the Foyer
2) Treatment of the Roof of the Auditorium
3) Overhauling of the Main Curtain System of the stage
4) Modification of the Electrical Systems
5) Repairing of the Chair in the Auditorium.
6) Repair of the Voltas make 17 Tr AC
7) Sanitization of the audience before entrance through automatic sanitizer equipment.

In addition to above we are also in the process of providing suitable illumination to the list of former secretaries and presidents. Besides we will soon be finalizing the scheme for providing drinking water from the Aqua Guard for 24 hours to all through total modification of the existing system.

### Earn While You Learn Sub-Committee

EWYL Subcommittee in collaboration with NSS, Jadavpur University started the activities from 1st December 2021. At the beginning, attendance of the students is very poor, though it has shown a gradual improvement in the last few weeks. Students had carried out cleaning operation within the university campus. Students also conducted an awareness campaign on the importance of wearing face masks and distributed masks to those who did not have one and also instructed them to wear properly to avoid the spread of the infections



**Our present students engaged in earn while you learn activities……**

## From Membership Desk

Registration of new membership is going through both offline as well as online process and last month we have following 15 new life members joining with us..

| | | | |
|---|---|---|---|
| 1 | Shamideep Bhattacharyya | 2007 | Civil |
| 2 | Anindya Das | 2007 | Chemical |
| 3 | Avijit Biswas | 1985 | ETCE |
| 4 | Indrani Majumder (Bagchi ) | 1993 | Philosophy |
| 5 | Shantanu Guha | 1994 | Geology |
| 6 | Sanghamitra Ghosh | 1981 | Philosophy |
| 7 | Nivedita Dutta | 1979 | Food Tech |
| 8 | Anindya Dutta | 1982 | Mechanical |
| 9 | Dhritiman Bhattacharyya | 2000 | Comp Sc |
| 10 | Samit Kumar Ray | 1974 | Chemical |
| 11 | Amitava Sengupta | 1971 | ETCE |
| 12 | Sameek Banerjee | 2005 | Electrical |
| 13 | Saheli Bhowmik | 2005 | Civil |
| 14 | Chiranjib Sarkar | 2009 | Civil |
| 15 | Tapobrata Sarkar | 2008 | Pharmacy |

We heartily welcome in the alumni family of Jadavpur University.

### Students Assistance & Awards Sub-Committee

The committee is now in the process of selecting the students eligible for receiving the assistance and awards and the necessary announcements will be made very soon.

Meanwhile we heartily acknowledge having received the following donation in last month.

| Name | Amount | Purpose |
|---|---|---|
| Sanjayendu Bikas Gope | 7800 | Students Assistance |

### এই মুহূর্তে অনুষ্ঠান সূচী

- কালচারাল এবং সোশ্যাল সাবকমিটির যৌথ উদ্যোগে আগামী ৩০এপ্রিল শনিবার “বর্ষ বরণ ১৪২৯” উদযাপিত হবে ডঃ ত্রিগুণা সেন অডিটোরিয়ামে বিকেল পাঁচটা থেকে। সবার জন্যে সাদর আমন্ত্রণ রইল।
- আগামী ৬মে ,শুক্রবার মেমোরিয়াল সাবকমিটির উদ্যোগে ডঃ ত্রিগুণা সেন মেমোরিয়াল লেকচারের আয়োজন করা হয়েছে বিকেল সাড়ে পাঁচটা থেকে ডঃ ত্রিগুণা সেন অডিটোরিয়ামে । বক্তা প্রখ্যাত পদার্থবিদ অধ্যাপক পলাশ বরণ পাল ...

বিষয় “ বিজ্ঞানজীবীর ব্যকরণ চর্চা ”
সবার জন্যে সাদর আমন্ত্রণ ... প্রবেশ অবাধ...

# একদিন দল বেঁধে সকলে মিলে ...

প্রথমে ঠিক হয়েছিল জানুয়ারি মাসের শেষে শীতের হিম জড়িয়ে হবে আমাদের অ্যানুয়াল পিকনিক। বাদ সাধল **SARS CoV-2** ওমিক্রন ভ্যারিয়ান্ট । হবে কী হবেনা এই আশা নিরাশায় দুলতে দুলতে শেষপর্যন্ত দেখা গেল দ্বিতীয় শৈশবের দোরগোড়ায় পৌঁছে যাওয়া একদল প্রাক্তনী আর তাঁদের নিকটজনেরা ১৩ই মার্চ এর এক বসন্তের সকালে হৈ হৈ করে পৌঁছে গেলেন দক্ষিনেশ্বরের গঙ্গার কাছে আড়িয়াদহে 'সৃজনী' বাগানে। তারপর সারাদিন ধরে নাচে , গানে , কবিতায় এবং দুর্দান্ত খাওয়া দাওয়ার পরে একটুও ক্লান্ত হয়ে না পড়ে আবার সন্ধ্যেবেলায় আমরা ঢুকে পড়লাম ডঃ ত্রিগুণা সেন অডিটোরিয়ামে আমাদের সবার প্রিয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জীবন্ত কিংবদন্তি হেমেন্দু বিশ্বাস ( বিশ্বাস দা ) এর শতবর্ষে পা দেবার উৎসবে।



শতবর্ষে বিশ্বাস দা- ডঃ ত্রিগুণা সেন অডিটোরিয়াম



১৩ই মার্চ , ২০২২

## News from Chapters

### Georgia, USA

In pandemic due to restrictions for movements one of the major challenges was to contact and communicate with different chapters. We had to therefore depend on online platform and one of such virtual meet was arranged with our JUAA Georgia on 3rd April, Sunday. Here is the latest update from Georgia.

Dealing with Covid-19during 2020-2021 has been the most difficult time of our lifetime. This pandemic took away so far over 6.1 million lives worldwidewhilethe number of deaths in the USA exceeded 1.1 million.It kept us apart from each other for so long and now we are beginning to get back together.

Frankly, the pandemic prevented the JUAAGABOD from performing its normal activities.The BOD also could not convene 2021 AGM to elect/nominate the next JUAAGA BOD; the current BOD continues to work as a care taker BOD and has just began planning for our next AGM in 2022.

In spite of all these restraints, we were able to perform the activities listed below and the BOD sincerely appreciated the undying resiliencies demonstrated by our Chapter during this difficult time.

A. March 27,2021 - JUAAGA organized a virtual cultural program in an effort to stay in touch with our chapter members and entertain the viewers with musical/recital performances by our own alumni and their family members. It was live streamed on our YouTube channel: https://Youtu.be/o44HQKm485I.

B. January 25, 2020 - JUAAGA BOD held a New Year get together in January 2020. Pradip Bhowal, President, welcomed the attendees; shared a brief historical background of JU and JUAAGA. The event also included a cultural program to showcase musical, recital and acting talents of our alumni and their families. The day started with snacks, tea, and of course adda, followed by delicious lunch that included traditional Indian dishes. Few pictures from the get together are attached below.



### Sydney, Australia

Sri Pinaki Sarkar , Convenor of Chapter Coordination , Communication & Information Subcommittee , JUAA Jadavpur is at present travelling in Australia and on 25th April, he met the members of our Sydney Chapter at Tattersals Club , Sydney. Sri Naren Sahachoudhury , Sri Sandip Hor , Sri Sudipta Basu all former presidents along with Sri Sudipta Bej , President and Sri Krish De , Secretary of JUAA Sydney were present in the meeting. The discussion was really exhaustive and fruitful and very soon we will have a follow up meeting to take up the salient points discussed in the meet shall be arranged sometime in the 3rd or 4th week of May through online platform after the AGM of Sydney Chapter is over which is scheduled to be held on on 8th May 2022.



### North Carolina, USA

We deeply mourn the sad demise of Sri Aniruddha Bhattacharyya 1952, Chemical Engineering in his home in Cary, North Carolina on 5th April 2022. He was one of the pioneers in our Alumni Association. In fact "Earn While You Learn" one of our key activities at JUAA Head Quarter was his brain child only. Besides he took initiatives in many other social activities for the benefit of less privileged segment of the society in and around Jadavpur University.



We place below the message received from Sri Asamanja Datta , Electrical Engineering , President of JUAA North Carolina Chapter.

**We regret to inform you that Aniruddha Bhattacharyya died in his home in Cary, NC on April 5, 2022.**

**Aniruddha earned his Bachelor of Science degree in Chemistry from St. Xavier's College (Kolkata), an additional Bachelor of Science degree in Chemical Engineering from the Jadavpur University (Kolkata)1952, graduating fourth in his class, and a Masters of Science degree in Civil Engineering from SUNY Buffalo. He worked at Donner Hanna Coke Corp., Republic Steel, LTV Corp., Koppers, and as an independent consultant. Aniruddha held several patents in the area of industrial wastewater treatment and was issued his last patent at the age of 85, prior to retiring.**

**Aniruddha was an avid gardener, tennis player, and swimmer and was a voracious reader.**

**He is survived by Anjali, his wife of 62 years, his sister, Maya Chakraborty, his daughters Abanti Bhattacharyya (Mark Williamson) and Ujjaini Sorey, and his grandchildren, great-grandchildren and canine grandchildren.**

**Aniruddha Da was the batch of JU Chemical Engineering, 1952 and the founder of our JUAANC Alumni organization, and those of us who interacted with him will forever remember his fun loving jovial personality and miss his smiling face.**

**Our deepest and heartfelt condolences go out to his family at this difficult time.**

**Asamanja Dutta , President , JUAA NC**

*Smt Alo Kar , one of our very senior Life Member who was very closely associated with Sri Bhattacharyya*

"It is with a deep sense of sorrow that we have come to condole the passing away of our beloved Aniruddhada. He was very close to my heart. I will never forget the affection and concern towards me. Aniruddha Bhattacharyya was graduated from Jadavpur University, Chemical Engineering. He was Life Member of Jadavpur alumni association.

Throughout his life he worked multiple projects. He raised funds for the needy students of Jadavpur University.
He started 'Earn While You learn' for needy students of JU. He started coaching classes for University's D-staff's children to improve their English & science subjects (this was requested by our 'Registrar Sir'). And also, started spoken English classes for the benefit of Jadavpur University 's students.

His life & times are bound to be remembered again, & will certainly inspire generations to come. I feel that the biggest quality of a good human being is that we do not need to remember them , but they remain alive in our memories. I pay my respectful homage to the departed soul.

My sincerest condolences."

**Alo Kar , 1971 , History**

**Durgapur ,West Bengal**

কিছুদিন আগেই চলে গেছেন বিখ্যাত গীতিকার ও সুরকার শ্রী অভিজিৎ বন্দোপাধ্যায় । তার স্মৃতির উদ্দেশ্যে দুর্গাপুর থেকে প্রাক্তনী শ্রী তিমির দত্ত মেকানিকাল ইঞ্জিনিয়ারিং ,১৯৭৭ এই লেখাটি পাঠিয়েছেন আমাদের জন্যে...

ইউনিভার্সিটিতে হাজারটা ক্লাব। ফটোগ্রাফি, রাষ্ট্রীয় সেবা দান বা এন এস এস, এন সি সি, আর্ট এন্ড লিটারেচার, নাটক, ডিবেট বা তর্ক, সিনে ক্লাব, গীতি সংসদ। পাঁচ বছরের প্রথম বছর এন সি সি আবশ্যিক। ওয়ান বেঙ্গল, টু বেঙ্গল টপকে ফোর্থ বেঙ্গল আর তাতেও দুটো বিভাগ। এয়ার ডিভিশনে যোগ দিয়ে এয়ার প্লেনের কাঠের গ্লাইডার করা গেল। উপরি হিসেবে বর্ষশেষে বেহালা ফ্লাইং ক্লাবে এন সি সি ক্যাম্প। সে অভিজ্ঞতার কথা কোথাও লিখেছিলাম। স্বর্গীয় মোহিনী চৌধুরির গান "মুক্তির মন্দির সোপান তলে" গেয়েছিলাম বলেই জানতে পেরেছি সহপাঠী কুনাল ঐ বাড়ির ছেলে।

এর পর এন এস এস অধ্যায়। সেখানে বেশ মজাই ছিল। সপ্তাহে একদিন বিশ্ববিদ্যালয় সাফাই অভিযান ফলং ফ্রি টিফিন। আর বছরে একবার দেশ উদ্ধার করতে দিন দশেকের কাকদ্বীপ, কাঁথি আর ঝাড়গ্রাম। প্রাইমারি ভ্যাকসিন দেওয়া কাজ। তিন বছর এভাবে চলল। মাঝে বার দুই ইনটারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল করে অডিটোরিয়ামে বেশ কয়েকটি দিনের রাত্রিবাস। সিক্সটি বাইসাইকেল, গন উইথ দ্য উইন্ড, বাইসাইকেল থিফ, উসকি রোটি এসব সিনেমা দেখা। আবার কয়েক মাস ফটোগ্রাফি ফটো ডেভেলপমেন্ট করার ডার্ক রুম অভিজ্ঞতা।

এবার পঞ্চম বা ফাইনাল ইয়ারে এসে মনে হলো গীতি সংসদে ঢোকা যাক। আর তখনি অভিজিৎদার সঙ্গে পরিচয় এবং আলাপ। গান মোটে গাইতে পারিনে তবু আমি গাইলে অভিজিৎদা স্বয়ং হারমোনিয়াম বাজাতেন। "জাগে নব প্রাণে জাগে রে সুপ্ত জনতা সিংহ তেজ" কানে আজও ভাসে। কনভোকেশনের দিনেও রোব পরে কোরাস গাইলাম "বিদ্যামন্দির তীর্থ প্রাঙ্গণ কর মহোজ্জ্বল আজ হে .. " এখানে একদিন কেউ আমার সম্মন্ধে একটা বিরূপ মন্তব্য করলে অভিজিৎদা ওকে ডেকে ভর্ৎসনা করে বললেন, 'তিমির কোন ইয়ারের জানো?" কেন যে অহেতুক এত ভালোবাসতেন কে জানে!

পরে নীতিন মমতাশঙ্করের গ্রুপের হয়ে দুর্গাপুর নেতাজী ভবনের অনুষ্ঠানে গিয়ে দর্শকমন্ডলীর মধ্যে থেকে আমায় ডেকে স্টেজে তুলে গানের দলের সঙ্গে বসিয়ে দিয়েছিল। রাতের ভোজ সভাতে বলেছিল গীতি সংসদের সব সদস্যদের কথা আর আমার সঙ্গে গিয়ে অভিজিৎদাকে দেখে আসবার ইচ্ছের কথা।

একটা ছোটখাটো মাসিক পত্রিকা বের করতাম তাতেও দু' চারবার লেখা দিয়েছিলেন। অনেক বছর পরে কোলফিল্ড এক্সপ্রেসের কামরাতে অভিজিৎদা দূর থেকে দেখতে পেয়ে সিট ছেড়ে উঠে এসে দেখা দিয়েছিলেন। ভারী ভালো লেগেছিল সেই হঠাৎ দেখা। আর আজ তাঁর হঠাৎ চলে যাওয়া স্মৃতির দ্বার খুলে দিলে।

পুরনো চিঠিগুলো (1981- 1986) খুলে দেখছিলাম। সেখানে ওনার অপ্রকাশিত একটা লেখা উদ্ধার করে এখানে দিচ্ছি।

প্রেমাষ্টক

১
যুক্তি তর্কে যায় না ফোটানো প্রেমের ফুল
হৃদয় দিয়েই ভাঙাতে হয় হৃদয়ের ভুল।।

২
ক্রোধের বহ্নি প্রেমকে তোলে চিতায়
প্রেম বিকশিত মন্ত্রশক্তি গীতায়।।

৩
প্রেমকে ছেড়ে প্রেমের ছল
গোড়া কেটে আগায় জল।।

৪
প্রেমের ঘরে ভূতের বাস
প্রেমের গলায় পরায় ফাঁস
ইহকাল কী পরকাল
সর্বকালের সর্বনাশ।।

৫
প্রেম- আনন্দ আপন অন্তর
ত্যাগে ফোটে ফুল তার
ভোগে ফুল ঝরে।।

৬
প্রেম- সৃষ্টির অগ্নি মাটি জল বায়ু
ত্যাগের মন্ত্র নিয়ে বাড়ে তার আয়ু।।

৭
ভিক্ষার ঝুলি হাতে ভালোবাসা খোঁজা
শ্বাসরোধ করা চির দুঃখের বোঝা।।

৮
কামনার ভালোবাসা
ভালোবাসার সার্কাস
যত ভাব প্রকাশিত
সব ভাবেই ফাঁস
কত সুখ পায়
তবু আরো পেতে চায়
ক্ষুদ্র কাঙাল হায়
ধুলায় লুটায়।।

রাজনীতি ক্ষণিকের কিন্তু একটি সমীকরণ চিরন্তন ... অ্যালবারট আইনস্টাইন

**Our sincere appeal to all alumnus across the world. If you are not receiving our communications which may perhaps be due to lack of proper contact details / e-mail id etc, kindly write to us at alumniju@gmail.com and snaskar7117@gmail.com**